দৈনিক ইত্তেফাক

24 JAN 1989
তারিখ ...
পৃষ্ঠা ... 2 ... কলাম 7 ...

৩০

007

ডকুমেন্টেশন কেন্দ্র

## টেক্সট বুক বোর্ডের বক্তব্য

বিগত ২১শে জানুয়ারী তারিখে দৈনিক ইত্তেফাকে "বইপত্র ও প্রাথমিক বিদ্যালয়" শিরোনামে প্রকাশিত সম্পাদকীয়র প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। প্রাথমিক শিক্ষার অবস্থা পর্যালোচনা প্রসংগে প্রাথমিক স্কুলের সরকারী অনুদান ও মঞ্জুরি, স্কুল পুনঃনির্মাণ বা মেরামত এবং শিক্ষার পরিবেশ সম্পর্কে আলোচনা নিঃসন্দেহে প্রণিধানযোগ্য। উক্ত সম্পাদকীয়তে উল্লেখ করা হইয়াছে যে, "সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বেশীর ভাগ বই টেকস্টবুক বোর্ড কর্তৃক অনুমোদিত ও সরবরাহকৃত। বোর্ড নিজস্ব উদ্যোগে বই রচনা করে এবং ছাপাইয়া বাজারে ছাড়ে।"

শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষার সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, টেকস্ট বুক বোর্ডের তত্ত্বাবধানে প্রাথমিক পর্যায়ের ১ম শ্রেণী হইতে ৫ম শ্রেণীর সকল পাঠ্যবই মুদ্রণ ও গুদামজাত করা হয়। এরপর টেকস্ট বুক বোর্ডের নিকট হইতে প্রাথমিক শিক্ষা পরিদপ্তর প্রাথমিক শ্রেণীর পাঠ্যবইয়ের সরবরাহ গ্রহণ করেন। পরবর্তী পর্যায়ে প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের কাছ হইতে সরকারী পর্যায়ে গঠিত জেলা বই বিতরণ কমিটি ও উপজেলা বই বিতরণ কমিটি দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যবই বিতরণ করিয়া থাকে।

সম্পাদকীয় সম্পর্কে আরো বক্তব্য এই যে, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল বিষয়ের পাঠ্যবই রচনার দায়িত্ব দেশের অভিজ্ঞ শিক্ষাবিদ, শ্রেণীশিক্ষক, শিক্ষাক্রম বিশেষজ্ঞ এবং খ্যাতিমান লেখকদের উপর অর্পণ করা হয় এবং নির্ধারিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচী অনুযায়ী তাঁহারা পাঠ্যবই রচনা করেন। পরবর্তী পর্যায়ে যথারীতি মূল্যায়ন ও পরীক্ষা-নিরীক্ষার পর চূড়ান্তভাবে পাণ্ডুলিপি মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রতি বছর পাঠ্যবই মুদ্রণের পূর্বে বোর্ডের সম্পাদক ও বিশেষজ্ঞদের দ্বারা পাঠ্যবইয়ের ভুলভ্রান্তি সতর্কতার সহিত সংশোধন করা হয়।

উল্লেখ্য যে, প্রাথমিক শ্রেণীর পাঠ্যবই মুদ্রণের কাজ যথাসময়ে সমাপ্ত করিয়া বিগত ডিসেম্বর মাসের মধ্যেই সে সব পাঠ্যবই প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের কাছে সরবরাহ করা হইয়াছে। অপরপক্ষে মাধ্যমিক পর্যায়ের সকল বিষয়ের পাঠ্যবই বেসরকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সদস্য শ্রেণীভুক্ত প্রকাশক ও বিক্রেতাগণ মুদ্রণ ও বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

—সুফী মোতাহার হোসেন,
প্রধান সম্পাদক, জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ড, ঢাকা।